

HISTORY OF WESTERN PHILOSOPHY

রচনাধর্মী প্রশ্নোত্তর

SEMESTER – II (GENERIC & PROGRAM)

১) দ্রব্য সম্বন্ধে লাইবনিজ এর অভিমত ব্যাখ্যা কর ?

উঃ দ্রব্য হল স্বনির্ভর স্বয়ং-সক্রিয় অর্থাৎ যা অন্য-নিরপেক্ষভাবে কাজ করতে পারে। লাইবনিজ দ্রব্যের আরও একটি লক্ষণের উল্লেখ করেছেন – ‘দ্রব্য হল তাই, যা নিরংশ। যার কোন অংশ নেই তার উৎপত্তি ও বিনাশও নেই এবং তা অন্যের প্রভাব থেকে সম্পূর্ণভাবে মুক্ত। অন্যের প্রভাব থেকে মুক্ত বলে এই নিরংশ দ্রব্য স্বয়ং-সক্রিয়। কোন যৌগিক বস্তু (অর্থাৎ সাংশ বস্তু) দ্রব্য নয়, কেননা তার যেমন উৎপত্তি আছে তেমনি বিনাশ আছে। অংশের সমন্বয়ে তার উৎপত্তি, অংশ-বিচ্ছেদে তার বিনাশ। যৌগিক বস্তু স্বয়ং-সক্রিয় নয় – বাইরের প্রভাবে তারা ক্রিয়া করে, পরির্তিত হয়।

সুতরাং দ্রব্য সম্পর্কে লাইবনিজের সম্পূর্ণ সংজ্ঞাটি হল – ‘তাকেই দ্রব্য বলা যাবে যা স্বয়ং-সক্রিয় এবং নিরংশ।’

যে নিরংশ দ্রব্য থেকে জগতের চেতন অচেতন যাবতীয় বস্তুর উদ্ভব হয়েছে লাইবনিজ তাদের ‘মনাদ’ বলেছেন। ‘মনাদ’ অর্থে ‘চেতন পরমাণু’ বা ‘চিৎ-পরমাণু’ বা ‘চিদণু’। চিদণু বা মনাদ অজড়, তাই নিরংশ বা অবিভাজ্য। চিদণুই দ্রব্য, জগতের মূল উপাদান। চিদণু একটি বা দুটি নয়, চিদণু অসংখ্য। অসংখ্য চিদণু বা চিৎ-পরমানু থেকে এই বৈচিত্র্যময় জগতের উৎপত্তি।